

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নং- ৭৪

তারিখঃ ১৭/০২/২০২৫খ্রিঃ।

খাদ্য বাজার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১০/২০২৪খ্রিঃ তারিখের ২০৭ নং স্মারকের পরিপত্র এবং সরকার কর্তৃক জারিকৃত খাদ্য বাজার নীতিমালা-২০২৪ এর নিদেশনা মোতাবেক ১২/০২/২০২৫খ্রিঃ তারিখ উপজেলা খাদ্য বাজার কমিটির সভাপতির অনুমোদন ক্রমে বাকেরগঞ্জ উপজেলায় ১৪টি ইউনিয়নে ৫০জন খাদ্য বাজার ডিলার নিয়োগ করা হবে। বাকেরগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন আহ্বান করা যাচ্ছে।

উপজেলার নাম	ইউনিয়ানের নাম	বিক্রয় স্থানের নাম	ডিলারের সংখ্যা	আবেদন জমা দেবার শেষ তারিখ	
বাকেরগঞ্জ	চরামদি	চরামদিমীরা বাড়ি, কাটাদিয়া বাজার, সটিখোলা নিউ মার্কেট,	প্রতিটি স্থানে ০১জন	আগামী ০২/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ রবিবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।	
	চরাদি	মকিমাবাদ বাজার, হলতা বাজার, রানীরহাট বাজার			
	দাড়িয়াল	কাজলাকাঠী বাজার, চরবিশারীকাঠী বাজার, উত্তমপুর বাজার, কামারখালি বাজার, বাংলা বাজার,			
	দুখল	সতরাজ বাজার, গোমা বাজার, ডিকেপি বাজার, চাটরা বাজার,			
	দুর্গাপাশা	জিরাইল বাজার			
	ফরিদপুর	মঞ্জলসী বাজার, চৌমাথা বাজার, বন্দর ভূমি আফিস,			
	কবাই	হানুয়া বাজার, পেয়ারপুর বাজার, দঃ শিয়ালঘূনি বাজার(১) দঃ শিয়ালঘূনি বাজার(২)			
	নলুয়া	সিএন্ডবি বাজার, নবানখালী বাজার,			
	কলসকাঠী	কলসকাঠী বাজার, চাপরকাঠী বাজার, মুদিঘাট বাজার, বাগদিয়া বাজার,			
	গারুড়িয়া	গারুড়িয়া বাজার, চরসমসদি বালিগ্রাম, বাদামতলা বাজার, খয়রাবাদ বাজার,			
	ভরপাশা	দুখলমৌ বাজার, লক্ষীপাশা বাজার, কৃষ্ণকাঠী নতুন বাজার,			
	রঙ্গাশ্রী	বাখরকাঠী বাজার, বোয়ালিয়া বাজার, আউলিয়াপুর বাজার, বাজার, কালিগঞ্জ বাজার, কালিগঞ্জ বাজার,			শ্যামপুর
	পাদ্রিশিবপুর	নিউমার্কেট বাজার, ইউনিয়ন পরিষদ(মাদ্রসা), বিশমিল্লাহ বাজার, চেয়ারম্যান বাজার,			
নিয়ামতি	রামনগর বাজার, নিয়ামতি বাজার, কাফিলা বাজার, মহেশপুর বাজার,				

শর্তসমূহ

- বাংলাদেশের জাতীয় পরিচয় পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্কে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
- আবেদনকারীর ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং ট্রেড লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।
- আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।
- আবেদনকারীর কমপক্ষে ১৫ (পনেরো) মেঃটনঃ খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- নিজস্ব ব্যবস্থাপনায় ডিলারকে সরকার কর্তৃক নির্ধারিত স্থানে দোকানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- আবেদনকারীর ব্যবসা প্রতিষ্ঠান যে বিক্রয় স্থানের নিকটবর্তী অবস্থিত সে বিক্রয় স্থানের জন্য আবেদন করতে হবে এবং একই বিক্রয় স্থানে একাধিক প্রার্থী আবেদন করলে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে লটারির মাধ্যমে বিক্রয় স্থান ভিত্তিক একজন করে ডিলার নির্বাচন করা হবে।
- খাদ্য অধিদপ্তরে কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, বা যে কোন অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি খাদ্য বাজার ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার/শ্রম ঠিকাদার/মিলার ও খাদ্যবাজার ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি/ তার উপর নির্ভরশীল কেউ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।

- ১০) প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ১১) খাদ্য বান্ধব নীতিমালা-২০১৭ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ ও এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।
- ১২) খাদ্য বান্ধব ডিলারের নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজ পত্র:
- ১। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।
 - ২। ফুড গ্রেইন লাইসেন্স ও ট্রেড লাইসেন্সের এর ফটোকপি।
 - ৩। ব্যাংক কতৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র।
 - ৪। দোকানের মালিকানা/ভাড়া চুক্তি সংক্রান্ত কাগজের ফটোকপি। (নিজের হলে দলিল/পর্চা ও ভাড়া হলে চুক্তি পত্রের কপি)।
 - ৫। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
 - ৬। নাগরিকত্ব সনদের ফটোকপি।
 - ৭। অশীকার নামা।



(রুবিনা পারভীন)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বাকেরগঞ্জ, বরিশাল।

ও


সদস্য সচিব, উপজেলা
খাদ্য বান্ধব কমিটি।

স্মারক নং-.

তারিখঃ ১৭/০২/২০২৫খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৪। সম্পাদক, দৈনিক বরিশালের বানী।



(রুবিনা পারভীন)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বাকেরগঞ্জ, বরিশাল।

ও

সদস্য সচিব,
উপজেলা খাদ্য বান্ধব কমিটি।